বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
মায়ামি

**বিজ্ঞপ্তি**

নং- ১৯.০২.১০০৫.০০০.৪০০.৩৭.০১২.২২-২০২ তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০২৬

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, মায়ামি আগামী ১০ ও ১১ অক্টোবর ২০২৬ তারিখে টেনেসির নক্সভিল শহরে ভ্রাম্যমাণ কনস্যুলার ক্যাম্পের মাধ্যমে নিম্নোক্ত কনস্যুলার সেবা প্রদান করবে।

| | |
|---|---|
| **সেবা প্রদানের স্থান:** | University of Tennessee Knoxville (UTK)<br>Room no 300, IAMM HQ - UT Institute for Advanced Materials & Manufacturing Headquarters, 2641 Osprey Vista Way, Knoxville, TN 37920 |
| **সেবা প্রদানের তারিখ ও সময়:** | **১০ অক্টোবর ২০২৬ (শনিবার): সকাল ১০.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত।**<br>**১১ অক্টোবর ২০২৬ (রবিবার): সকাল ১০.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত।** |

| সেবাসমূহ: *(সকল সেবা walk in basis এ প্রদান করা হবে।)* | |
|---|---|
| **ক) ই-পাসপোর্ট** | অনলাইন আবেদন শেষে আবেদন নিশ্চিতকরণের প্রিন্ট কপি বারকোডসহ এবং অনলাইন আবেদনপত্রের সারসংক্ষেপের প্রিন্ট কপি (অ্যাডবি অ্যাক্রোবেট ব্যবহার করে) সাথে নিয়ে আসতে হবে। ই-পাসপোর্টের আবেদনের ফি অফলাইনে প্রদান করতে হবে। অত্র কনস্যুলেটের ওয়েবসাইটে প্রদর্শিত ১০% সারচার্জসহ ফি পরিশোধ করতে হবে।<br>মেইল সার্ভিসের মাধ্যমে নিজ দায়িত্বে পাসপোর্ট ডেলিভারি পেতে ইচ্ছুক সেবাপ্রার্থীদের USPS এর একটি prepaid return envelope (সাধারণ: ১৪ ডলার স্ট্যাম্পযুক্ত বা এক্সপ্রেস: ৩৪ ডলার স্ট্যাম্পযুক্ত) সাথে নিয়ে আসতে হবে। |
| **খ) নো ভিসা রিকোয়ার্ড (NVR) এনডোর্সমেন্ট ও ভিসা** | নো ভিসা রিকোয়ার্ড ফর্ম পূরণ করে প্রয়োজনীয় ডকুমেন্ট সাথে নিয়ে আসতে হবে। **ফি ৮৮ ডলার।** |
| **গ) পাওয়ার অব অ্যাটর্নি** | পাওয়ার অব অ্যাটর্নি দাতা/দাতাদেরকে সশরীরে উপস্থিত হয়ে কনস্যুলার অফিসারের সামনে স্বাক্ষর করতে হবে। প্রয়োজনীয় ডকুমেন্ট সাথে নিয়ে আসতে হবে। উল্লেখ্য কনস্যুলেট কোন পাওয়ার অব অ্যাটর্নি ডকুমেন্ট প্রস্তুত করে না। |
| **ঘ) অন্যান্য ডকুমেন্ট সত্যায়ন** | প্রয়োজনীয় সকল অরিজিনাল ও ফটোকপি নিয়ে আসতে হবে। |
| **ঙ) জন্ম নিবন্ধন** | বাংলাদেশি পিতামাতার যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণ করা সন্তানরা অত্র কনস্যুলেট বরাবর https://bdris.gov.bd/ অনলাইনে আবেদন করতে পারবেন। |
| **চ) ট্রাভেল পারমিট:** | যাদের বাংলাদেশী পাসপোর্টের মেয়াদ অতিক্রান্ত হয়েছে এবং জরুরি ভিত্তিতে বাংলাদেশে যেতে হবে কেবল তাদের জন্য প্রযোজ্য। নির্দিষ্ট ফর্ম পূরণ করে সম্প্রতি তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ও প্রয়োজনীয় সকল ডকুমেন্ট সাথে নিয়ে আসতে হবে। **ফি ২৭.৫০ ডলার।** |

০২। সকল কনস্যুলার সেবার ফি শুধুমাত্র ক্রেডিট কার্ড (৩% মার্চেন্ট ফি প্রযোজ্য) অথবা মানি অর্ডার/পোস্টাল অর্ডার/ক্যাশিয়ার চেকের মাধ্যমে **CONSULATE GENERAL OF BANGLADESH, MIAMI** বরাবর পরিশোধ করা যাবে। উল্লেখ্য, পরিশোধকৃত কনস্যুলার সেবার ফি ফেরতযোগ্য নয়।

০৩। প্রতিটি সেবার জন্য প্রয়োজনীয় সকল ডকুমেন্টের **মূলকপি ও ফটোকপি** সাথে আনার জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে।

| |
|---|
| প্রতিটি কনস্যুলার সেবার জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস/ছবি ও সেবা সংক্রান্ত অন্যান্য বিস্তারিত তথ্যের জন্য নিম্নের ওয়েবসাইট ভিজিট করুন-<br>**https://florida.mofa.gov.bd** |

Consulate General of the People's Republic of Bangladesh
MIAMI

০৮/০৯/২০২৬
(খোইং এ)
কনসাল (প্রথম সচিব) ও দূতালয় প্রধান